দৈনিক বাংলা

তারিখ ৭/১১/৮১
পৃষ্ঠা

৪৬

# চাঁদপুরে ডিগ্রী পরীক্ষা কেন্দ্র বাতিল

(নিজস্ব সংবাদদাতা)

চাঁদপুর, ৮ই নবেম্বর।—চাঁদপুর কলেজের পরীক্ষার পরিবেশ নেই এই মর্মে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পরিদর্শক দলের প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ৯ই নবেম্বর থেকে চাঁদপুরের ডিগ্রী পরীক্ষা কেন্দ্র বাতিল ঘোষণা করে এক বিজ্ঞপ্তি জারি করেছে।

৯ই ও ১০ই নবেম্বরের পরীক্ষাগুলো ডিসেম্বর মাসের ২রা ও ৩রা

(শেষ পৃঃ ৪-এর ক কঃ)

## পরীক্ষা কেন্দ্র বাতিল

(১ম পৃঃ পর)

তারিখে অনুষ্ঠিত হবার কথা বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ আছে।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের বিজ্ঞপ্তি সূত্রে আরো প্রকাশ, চাঁদপুর কেন্দ্রের মহিলা পরীক্ষার্থীরা কুমিল্লা সরকারী মহিলা কলেজে এবং পুরুষ পরীক্ষার্থীরা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কেন্দ্রে পরীক্ষা দিবে।

এদিকে এ খবর এখানে ছড়িয়ে পড়ার পর পরীক্ষার্থী ও অভিভাবক মহল দারুনভাবে চিন্তিত হয়ে পড়েছে। মধ্যবর্তী সময়ে এভাবে পরীক্ষার কেন্দ্র বাতিল ঘোষণায় বহু পরীক্ষার্থীর পক্ষেই অন্য কেন্দ্রে গিয়ে পরীক্ষা দেয়া সম্ভব নাও হতে পারে।

পরীক্ষা কেন্দ্র বাতিলের প্রতিবাদে এখানে ছাত্ররা সভা ও মিছিল করে উক্ত আদেশ প্রত্যাহারের দাবী জানিয়েছে। এই কেন্দ্র থেকে ৫ শতাধিক ডিগ্রী পরীক্ষার্থী পরীক্ষা দিচ্ছে।

উল্লেখ্য গত ২৬ অক্টোবর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পরিদর্শক দলের জনৈক শিক্ষক চাঁদপুর পরীক্ষা কেন্দ্রে জনৈক পরীক্ষার্থী কর্তৃক প্রহৃত হয়। পরে উক্ত পরীক্ষার্থীকে গ্রেফতারও করা হয়।